মেহেরপুরে ফেনসিডিল উদ্ধার

মেহেরপুরের শুভরাজপুর মাঠ থেকে ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে বিজিবি।

শনিবার ভোরের দিকে শুভরাজপুর মাঠ থেকে বিজিবি সদস্যরা ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করে। শোলমারী বিজেপি সুবেদার আব্দুল আজিজের নেতৃত্বে বিজিবির একটি টহল দল টহল শেষে ফেরার পথে শুভরাজপুর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ফেনসিডিলগুলো উদ্ধার করে।

ধারনা করা হচ্ছে বিজিবি সদস্যদের আগমনী টের পেয়ে ফেন্সিডিল ব্যবসায়ীরা ফেন্সিডিল গুলো ফেলে রেখে পালিয়ে যায়।

মুজিবনগরে বিদুৎস্পৃষ্ট হয়ে কলেজ শিক্ষার্থীর মৃত্যু

মেহেরপুরের মুজিবনগরে বিদুৎস্পৃষ্ট হয়ে তুহিন (২৩) নামে এক কলেজ শিক্ষার্থীর মৃত্যু হয়েছে।

রবিবার সকালে উপজেলার বাগোয়ান ইউনিয়নের মানিকনগর গ্রামে এ ঘটনা ঘটে।

মৃত তুহিন মানিকনগর গ্রামের আব্দুল জাব্বারের একমাত্র ছেলে এবং মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের স্নাতক শ্রেণীর ছাত্র।

স্থানীয়রা জানান, তুহিন কর্মঠ একজন ছেলে, লেখাপড়ার পাশাপাশি সে দিন মজুরির কাজ করতো।

রবিবার সকালে জমিতে গোবর সার দেওয়ার জন্য সার গর্তে গবর সার তুলে পাওয়ার ট্রলিতে বোঝায় করার সময় উপর দিয়ে যাওয়া বিদুৎ এর সাইড লাইনের টানা তার মাটিতে পড়ে গেলে তারটি সরাতে যায়।

এমন সময় তারে হাত লেগে সে বিদুৎপৃষ্ট হয়। পরে স্থানীয়রা তাকে

উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে।

মেহরেপুরে মরহুম মোখলেছুর রহমান স্মৃতিফুটবলে ফাইভ স্টার চ্যাম্পিয়ন

মরহুম মোখলেছুর রহমান স্মৃতি মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে মেহেরপুর হোটেল বাজার শহীদ আরজ সড়ক মিনি ফুটবল মাঠে ফাইনাল খেলায় একদিকে অংশগ্রহণ করে ফাইভ স্টার অন্যদিকে সিএনএন ইন্টারন্যাশনাল।

৪৫ মিনিটের ফাইনাল খেলায় ফাইভ স্টার ২-১ গোলে জয়লাভ করে। ফাইভ স্টারের হয়ে মেহেরাব হোসেন ১ টি ও সরফরাজ ১টি, সিএনএন ইন্টারন্যাশনাল এর হয়ে আতিয়ার রহমান একটি গোল করে। পরে সেখানে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মেহেরপুর জেলা ইয়ুথ জার্নালিস্ট ফোরামের সাধারণ সম্পাদক মুজাহিদ মুন্নার সঞ্চালনায়, অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর হোটেল বাজারের সাবেক ফুটবলার আনসারুল শেখ, মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক শামিমুল ইসলাম, মেহেরপুর পৌরসভার ৮ নং ওয়ার্ড কাউন্সিলর পদপ্রার্থী আব্দুস সাত্তার মুক্তা। পরে সেখানে বিজয়ী ও পরাজিত খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে আর বি পার্কিং টাইলস কারখানার উদ্বোধন

মেহেরপুরে আর বি পার্কিং টাইলস কারখানার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর স্টেডিয়ামের পূর্ব পাশে এই কারখানার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে আর বি পার্কিং টাইলস কারখানার প্রোপাইটার আবুল হাসেমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম।

প্রোপাইটার আবুল হাসেম জানান, মেহেরপুরে বিভিন্ন দোকানে টাইলস বিক্রয় হলেও, টাইলস ক্রেতারা তাৎক্ষণিকভাবে কিছু টাইলস পেলেও সব টাইলস পান না। তাই আমাদের মূল লক্ষ্য আমার এই কারখানাতে ক্রেতাদের চাহিদা অনুযায়ী দেশি, বিদেশি সব ধরনের টাইলস পাবে।

এ সময় আরও উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. এস এম ইব্রাহিম শাহিন, আইন বিষয়ক সম্পাদক ও জজকোর্টের পিপি অ্যাড. পল্লব ভট্টাচার্য, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা ইমারত নির্মাণ কারীর সভাপতি আব্দুল করিম, জেলা টাইলস শিল্প কল্যাণ সমিতির সভাপতি আবু সাঈদ,

জেলা আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম রাজিব, সহ-সভাপতি রাজু আহমেদ লিটিল, বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সোহেল রানা, সাধারণ সম্পাদক তরুণ আহমেদ, জেলা ইমারত নির্মাাণকারী শ্রমিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক আলেক উদ্দিন, সহ-সম্পাদক রাসেল প্রমুখ।

হযরত মুহাম্মদ(সাঃ) এর

[illegible]

[illegible] [illegible] [illegible] [

গতকাল শুক্রবার সকালে স্বপ্নছোঁয়া হেল্প ফাউন্ডেশনের উপদেষ্টা নাসির উদ্দিন উপস্থিত থেকে টিউবওয়েল স্থাপনের কাজ সম্পন্ন করেন।

এ সময় তিনি বলেন আমাদের মূল লক্ষ্য হলো বিভিন্ন মাঠে কৃষকদের কষ্ট লাঘবে টিউবওয়েল স্থাপন করা, যেনো তারা পানি সংকটে না পড়ে। আমরা এই নিয়ে দুইটি টিউবওয়েল স্থাপন করে দিয়েছি। শুধু চকশ্যাম নগর মাঠের জন্য নয়, আমরা যে গ্রামের মাঠে শুনবো কৃষকদের পানি সংকট হচ্ছে আমরা সেই গ্রামের মাঠে টিউবওয়েল স্থাপন করে দিবো। আপনাদের একটু সহযোগিতায় একজন কৃষকের কষ্ট দূর হতে পারে।

এ সময় স্থানীয় কয়েকজন কৃষক মেহেরপুর প্রতিদিনকে জানান, অনেক দিন পর একটি ভালো উদ্যোগ দেখলাম যেটা আমাদের জন্য খুবই প্রয়োজনীয়। আমরা ফসলে পোকা নিধনের জন্য প্রতিনিয়তই কিটনাষক প্রয়োগ করি, যে কারণে মাঝে মধ্যেই পানি সংকটের মুখে পড়তে হয়। কোনো কোনো দিন বাড়ি থেকে ৩০ লিটার পানি বহন করে আনতে হয়। সেই দিক থেকে আমরা খুবই উপকৃত হয়েছি।

এ সময় স্বপ্নছোঁয়া হেল্প ফাউন্ডেশনের সদস্য শামারুল, সেলিম, জাহাঙ্গীর, ইখলাস, সাইদুল, রাজ্জাক, লালু প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নতুন করে ২ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্ত দুজনই মেহেরেপুর সদরের বাসিন্দা। এর মধ্যে একজন বয়স্ক মহিলা।

শুক্রবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১২ জনের। আর পজেটিভ আসে ২ জনের। তিনি আরো জানান, এ পর্যন্ত জেলা থেকে সর্বমোট ফলাফল এসেছে ৪৭২৭ টি, সর্বমোট পজিটিভ ৬৮৬ জন, সুস্থ্য-৫৯৩ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২৩ (সদরে-১৫, গাংনীতে- ৪, মুজিবনগরে- ৪) জন।

ভিন্ন সূূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুর শহরের গোরস্থান পাড়ার আব্দুস ছাত্তার(৪৯) অপর জন হলেন আমঝুপির জানু বিশ্বাস (৭৫)।

মেহেরপুরে কাঁচা মরিচের দাম কমলেও কমছে না সবজির দাম

মেহেরপুরের বিভিন্ন বাজার ঘুরে দেখা যায়, সব আড়ত ও কাঁচা সব্জির দোকানে মরিচের দাম কমলেও বাড়তি দামে বিক্রি করছে সব ধরনের সবজি।

বন্যায় যে ফসলের ক্ষতি হয়েছে তার দাম যেমন বেড়েছে তেমনই বন্যার সাথে সম্পর্ক নেই এমন সবজি বা ফসলের দামও বেড়েছে।
শুক্রবার সকালে মেহেরপুর কাঁচা বাজার ঘুরে জানা গেছে, প্রতিকেজি কাঁচা মরিচ বিক্রি হচ্ছে ১২০ টাকায়। একসপ্তাহ আগেও যা বিক্রি হয়েছে ১৫০-১৮০ টাকা কেজি দরে। আলু বিক্রি হচ্ছে ৪০-৪৫ টাকায়। প্রায় সব সবজির কেজি ৫০ টাকার উর্ধে।

বন্যায় দেশের বিভিন্ন জেলার মানুষ ক্ষতিগ্রস্ত। তলিয়ে গেছে ফসলের ক্ষেত। এসব ক্ষেতের ফসল, সবজি, কাঁচা মরিচ বন্যার পানিতে পচে গেছে অনেক আগেই। ফলে বাজারে সরবরাহ কিছু দিন কম ছিলো। কিন্তু এখন বাজারে সবজি শীতকালীন সবজি বাজারে ঢুকলেও কমছে না দাম।

এ বিষয়ে মেহেরপুর কাচা বাজারের ব্যবসায়ী আসকার, আক্তার, মোমিন, বকশো শেখ ও কালাম জানান, আমরা চাষিদের কাছ থেকে সবজি কিনে বাজারে বিক্রি করি, তাই আমরা এখনও চাষিদের কাছ থেকে কম দামের সবজি কিনতে পারিনি সেই সাথে বাজারেও কম সবজি নিয়ে আসছে চাষিরা তাই সবজির দাম একটু বেশি।

এ বিষয়ে তারা আরও বলেন, এক সপ্তাহ আগে কাচা মরিচের দাম বেশি ছিলো সাথে সবজির দাম ও সেই সাথে এই সপ্তাহে কাচা মরিচের দাম

কমলেও বাজারে সবজি কম আসেছে তাই কমেনি সবজির দাম।

মেহেরপুর কাচা বাজার গুলো ঘুরে দেখা যায় পিয়াজ- দেশি ৭৫ টাকা, ইন্ডিয়ান- ৬০ টাকা কেজি দরে, কাচা ঝাল- ১২০ টাকা কেজি দরে, রসুন-১০০ টাকা কেজি দরে, আদা- ১২০ টাকা কেজি দরে, ছিম- ৬০ টাকা কেজি দরে, পটল- ৫০টাকা কেজি দরে, ঢেড়স- ৫০ টাকা কেজি দরে, পাতা কপি-৩৫ টাকা কেজি দরে, ফুল কপি- ৬০ টাকা কেজি দরে, পেপে- ২৫ টাকা কেজি দরে, লাল শাক – ২৫ টাকা কেজি দরে, শসা- ৪০ টাকা কেজি দরে, বেগুন- ৫০ টাকা কেজি দরে, কাচা কলা- ৪০ টাকা কেজি দেও, লাউ-৩০/৩৫ টাকা প্রতি পিচ, ওল- ৪০ কেজি দরে, জলপাই- ৩০, পালং শাক -৪০ টাকা কেজি দরে, পুইশাক- ২৫ টাকা, বরবটি- ৫০ টাকা কেজি দরে, ধনেপাতা- ১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

শামিম জাহাঙ্গীর সেন্টুর উদ্যোগে মাক্স বিতরণ

করোনা ভাইরাস প্রতিরোধে মেহেরপুর ওএমএস ডিলার শামিম জাহাঙ্গীর সেন্টুর উদ্যোগে করোনা ভাইরাস সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে মাস্ক বিতরণ করা হয়।

এসময় তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আজ আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক বিতরণ করেছি।

এসময় উপস্থিত ছিলেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা আব্দুল হামিদ, খাদ্য অফিসের পরিদর্শক এরশাদ আলী, ইউ ডি আসাদুর রহমান।

কৃষি ব্যংকের কাথুলী শাখার অনলইন ব্যংকিং কার্যক্রমের উদ্ধোধন

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নে অবস্থিত কাথুলী কৃষি ব্যংক অনলাইন ব্যংকিং কার্যক্রমের প্রাথমিকভাবে উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃস্পতিবার দুপুরে ওই শাখাতে আঞ্চলিক শাখা ব্যবস্থাপক আব্দুল আজিজ উপস্থিত থেকে কার্যক্রমের উদ্বোধন করা হয়।

এসময় সেখানে উপস্থিত ছিলেন, কৃষি ব্যংকের আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা আব্দুর রশিদ, কাথুলী শাখা ব্যবস্থাপক আনোয়ারুল ইসলাম, সার ও কিটনাশক ব্যবাসায়ী শওকত হোসেন, ব্যবসায়ী আনারুল ইসলাম, সহ ব্যংকের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে বক্তরা বলেন, দেশের কৃষিখাতে অনবদ্য অবদান রেখে আশা বাংলাদেশ কৃষিব্যংক এখন আরো সহজ সেবা দেওয়ার লক্ষে অর্থলেনদের স্থানটি ডিজিটাল নির্ভর গড়ে তুলতে চাই। সেকারণে ইউনিয়ন পর্যায়ের ব্যংকগুলোতে অনলাইন সেবা চালু করার কাজ চলছে। দেশের প্রতিটি এলকাতে জনগণের দৌড়গোড়ায় ব্যংকিং সেবা পৌছে দেবে কৃষিব্যংক।